

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯০৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. তৃতীয় অনুচ্ছেদ - সিজদা ও তার মর্যাদা

আরবী

وَعَنْ عَلِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَا عَلِيُّ إِنِّي أُحِبُّ لَكَ مَا أُحِبُّ لِكَ مَا أُحِبُّ لِكَ مَا أُحِبُّ لِكَ مَا أُكْرَهُ لِنَفْسِي لَا تقع بَين السَّجْدَتَيْنِ» . رَوَاهُ التِّرْمِذِيِّ لِا تقع بَين السَّجْدَتَيْنِ» . رَوَاهُ التِّرْمِذِيِّ

বাংলা

৯০৩-[১৭] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ হে 'আলী! আমি আমার জন্য যা ভালোবাসি তোমার জন্যও তা ভালোবাসি এবং আমার জন্য যা অপছন্দ করি তোমার জন্যও তা অপছন্দ করি। তুমি দু' সাজদার মাঝখানে (কুকুরের মতো) হাত খাড়া করে দিয়ে দুই পায়ের উপর বসো না। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ২৮২, য'ঈফ আল জামি' ৬৪০০, ইবনু মাজাহ্ ৮৯৬। ইমাম তিরমিয়ী বলেনঃ হাদীসটি আমরা 'আলী (রাঃ) হতে আল্ হারিস-এর সূত্রে আবূ ইসহাক-এর বর্ণনা থেকেই পেয়েছি। সানাদের রাবী হারিস আল্ আ'ওয়ারকে কতিপয় মুহাদ্দিস য'ঈফ বলেছেন। আলবানী (রহঃ) বলেনঃ বরং যে খুবই দুর্বল যাকে ইমাম শা'বী মিথ্যুক হিসেবে অভিহিত করেছেন। তার থেকে বর্ণনাকারী আবূ ইসহাক আস্ সাবিয়ী ও অনুরূপ দুর্বল। হাদীসটি ইবনু মাজাহ্ আনাস (রাঃ) হতে আ'লা এর বর্ণনায় সংকলন করেছেন। আ'লা সম্পর্কে 'আলী ইবনুল মাদীনী বলেনঃ সে হাদীস বানাতো রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নামে, মিথ্যাচার করতো।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু মাজাহ্ মারফূ' সূত্রে আনাস (রাঃ) হতে বর্ণিত। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তুমি সিজদা্ (সিজদা/সেজদা) হতে তোমার মাথা উঠাবে তুমি কুকুরের মতো বসবে না।

আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তিনটি বিষয়ে নিষেধ করেছেনঃ সালাতে (সাজদার জন্য) মুরগীর মতো ঠোঁকর মারতে আর কুকুরের মতো ইক্আ করতে।



ইক্আ যেটি নিষেধ, তা হলো পায়ের গোড়ালি খাড়া করে আর দু' নিতম্ব ও দু' হাত মাটির উপর রাখা।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

 ${\color{red} {\it O}} {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55462}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন